মেহেরপুর সীমান্ত এলাকায় পরিত্যক্ত অবস্থায় ৩৩ হাজার ২শ ইউএস ডলার উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা সীমান্ত এলাকায় পরিত্যক্ত অবস্থায় ৩৩ হাজার ২শ ইউএস ডলার উদ্ধার করেছে বিজিবি।

শনিবার সকাল সাড়ে ৯টার দিকে বুড়িপোতা বিজিবি ক্যাম্পের ভারপ্রাপ্ত কোয়ার্টার মাষ্টার সহকারী পরিচালক হায়দার আলী ও বুড়িপোতা ক্যাম্প কমান্ডার হাবিলদার মোতালেব হোসেন সঙ্গীয় টহল দল এ অভিযান পরিচালনা করেন।

চুয়াডাঙ্গা বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান প্রেস বিজ্ঞপ্তিতে জানান, ঘটনার সময় বুড়িপোতা বিওপির টহল দল সীমান্ত পিলার ১১৬/৪-এস হতে ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বুড়িপোতা মাঠে টহল পরিচালনা করেন। সকাল সাড়ে ৯টার দিকে বুড়িপোতা মাঠে একজন ব্যক্তি ধান ক্ষেতে পানি দেওয়া অবস্থায় বিজিবির টহল দলকে দেখে দৌড়ে পালিয়ে যায়। তৎক্ষণাৎ টহল দল পানির পাম্প এলাকায় গিয়ে পুরাতন কাপড় দিয়ে ঢাকা একটি কালো পলিথিনের ব্যাগ দেখতে পায়। টহল দল পলিথিনের ব্যাগটি তল্লাশী করে স্কচটেপ দ্বারা মোড়ানো ৪টি বান্ডিল থেকে ৩৩ হাজার ২০০ ইউএস ডলার উদ্ধার করে।

এ বিষয়ে হাবিলদার মোতালেব হোসেন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় মামলা করেন। এবং উদ্ধারকৃত ইউএস ডলারগুলি মেহেরপুর ট্রেজারী অফিসে জমা করেন।